# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫৩৩৭

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

اَلْفصْلُ الثَّالِثُ (بَاب الرِّيَاء والسمعة)

---

### আরবী

وَعَن عمر بن الْخَطَّابِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِنَّمَا أَخَافُ عَلَى هَذِهِ الْأُمَّةِ كُلَّ مُنَافِقٍ يَتَكَلَّمُ بِالْحِكْمَةِ وَيَعْمَلُ بِالْجَوْرِ» رَوَى الْبَيْهَقِيُّ الْأَحَادِيثَ الثَّلَاثَةَ فِي «شُعَبِ الْإِيمَانِ»

حسن ، رواه البیھقی فی شعب الایمان (1777 ، نسخۃ محققۃ : 1641) [و احمد (1 / 22 ح 143 و سندہ حسن)]

### বাংলা

৫৩৩৭-[২৪] ’উমার ইবনুল খত্ত্বাব (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আমি (আমার) এ উম্মাতের প্রতি ঐ সকল মুনাফিকদের জন্য শঙ্কিত, যারা একদিকে উপদেশ ও কল্যাণমূলক কথা বলবে, অপরদিকে অন্যায় ও অত্যাচারের বহিঃপ্রকাশ করবে। (উপরিউক্ত হাদীস তিনটি ইমাম বায়হাক্বী’র শুআবূল ঈমান উল্লেখ করেছেন)

### ফুটনোট

আলবানী (রহিমাহুল্লাহ) বলেন: আমি তার সনদ পাইনি, শুআবূল ঈমান ১৭৭৭; হিদায়াতু রুওয়াত ৫/৬৮।

### ব্যাখ্যা

ব্যাখ্যা : (إِنَّمَا أَخَافُ عَلَى هَذِهِ الْأُمَّةِ) আমি এই উম্মাতের ওপর ঐ সকল মুনাফিকদের অনিষ্টতার আশংকা করছি। যারা শারী'আতের কথা বলবে এবং উত্তম উপদেশ দিবে কিন্তু বাস্তবে তারা অন্যায় ও যুলম করবে এবং

সরল সঠিক পথ থেকে দূরে থাকবে। (মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85316

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন